চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ১৩ আগস্ট'২০২৩খ্রি.

## জলাবদ্ধতা নিরসনকল্পে চসিকের সমন্বয় সভা কাল

রেড ক্রিসেন্টের সহায়তায় ডেঙ্গু পরীক্ষার কীট ও মশারি বিতরণ করলেন মেয়র রেড ক্রিসেন্টের সহায়তায় চট্টগ্রামের সাতটি হাসপাতালের কাছে পাঁচ হাজার ডেঙ্গু পরীক্ষার কিট ও পাঁচশ মেডিকেটেড মশারি বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার টাইগারস্থ চসিক কনফারেন্স হলে চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের আয়োজনে ও যুব রেড ক্রিসেন্ট চট্টগ্রামের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান ও চট্টগ্রামের মেয়র রেজাউল বলেন, চলমান ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় রেড ক্রিসেন্ট প্রতিরোধ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে জনগণের পাশে এসে দাঁড়িয়েছে। রেড ক্রিসেন্টের কীটের কারণে অনেক মানুষ বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষার সুযোগ পাবে।

রেড ক্রিসেন্ট সোসাইটির ট্রেজারার এম.এ ছালাম বলেন, ডেঙ্গু নিয়ন্ত্রণে সরকারকে সব ধরনের সহযোগিতা করতে প্রস্তুত রেড ক্রিসেন্ট। আমরা শীঘ্রই নগরীর বেশি ডেঙ্গু সংক্রমণ হওয়া ২০ টি ওয়ার্ডে ভলান্টিয়ারদের সহযোগিতায় বিশেষ সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করব।

চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আক্তার চৌধুরী বলেন, মেয়র মহোদয়ের নির্দেশনায় চসিকের পক্ষ থেকে এখন পর্যন্ত দেড় হাজার মানুষকে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হয়েছে। আজকে যে কীটগুলো পেয়েছি সেগুলোও বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষার জন্য কাজে লাগানো হবে।

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শামীম আহসান বলেন,
সরকারি-বেসরকারি সবগুলো সংস্থা একযোগে কাজ করে চট্টগ্রামের ডেঙ্গু পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে নিয়ে আসলেও চট্টগ্রামে যে ব্যাপক বৃষ্টি হয়েছে তাতে কিছুদিন পর আবারো ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ার আশংকা তৈরি হয়েছে। এজন্য চট্টগ্রামের মেয়র মহোদয় মাত্র একদিনে কোরবানির বর্জ্য পরিষ্কারের জন্য যে ব্যাপক কর্মযজ্ঞ হাতে নিয়েছিলেন সেভাবে ডেঙ্গুর আবাসস্থল ধ্বংসেও একটি বড় ধরনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারি আবদুল জব্বারের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে ছিলেন চট্টগ্রাম সিটি ইউনিটের ভাইস চেয়ারম্যান মো: আলমগীর পারভেজ, কাউন্সিলর পুলক খাস্তগীর, চসিকের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা আবুল হাশেম, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এস এম মোর্শেদ হোসেন, ভাইস প্রেসিডেন্ট প্রকৌশলী জাবেদ আবছার চৌধুরী, চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য এইচ এম সালাউদ্দিন, মহসিন উদ্দিন চৌধুরী ফয়সাল, মোঃ মোশরাফুল হক চৌধুরী পাভেল, মোঃ ইমতিয়াজ।

বিনামূল্যে দেয়া এ কীট ও মশারী গ্রহণ করেন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতাল, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস (বিআইটিআইডি), সাউদার্ন মেডিকেল কলেজ হাসপাতাল, মা ও শিশু হাসপাতাল, চট্টগ্রাম হার্ট ফাউন্ডেশনের প্রতিনিধিবৃন্দ।

## চসিকের জাতীয় শোক দিবসের কর্মসূচি

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। কর্মসূচির মধ্যে ১ আগস্ট হতে মাসব্যাপী কালো ব্যাচ ধারণ, বৃক্ষ রোপন কর্মসূচি, ১৫ আগস্ট চসিকে প্রধান কার্যালয়, আঞ্চলিক অফিস, ওয়ার্ড অফিস, চসিক পরিচালিত স্কুল-কলেজ, হাসপতাল, সার্কেল অফিস সমূহে সুর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকাসহ সিটি কর্পোরেশনের পতাকা অর্ধনমিত করণ ও কালো পতাকা উত্তোলনক, বড়পুল বঙ্গবন্ধু শেষ মুজিবুর রহমানের ম্যুলালে পুষ্পস্তবক অর্পণ, চসিক কনফারেন্স রুমে খতবে কোরআন, মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত, চসিক জেনারেল হাসপাতাল ৭টি রেজিষ্ট্রার্ড সেন্টার সহ ৪১টি আরবান প্রাইমারী হেলথ্ সেন্টারে দিনব্যাপী ফ্রি চিকিৎসা সেবা প্রদান,থিয়েটার ইনস্টিটিউট হলে বঙ্গবন্ধুর কর্ম ও জীবনী ভিত্তিক ডুকুমেন্টারী প্রদর্শন ও আলোচনা সভা, ৩১ হতে ৩৪ নং ওয়ার্ডে প্রতি ওয়ার্ডে ২০জন করে দরিদ্র মেধাবী ছাত্র-ছাত্রীকে আর্থিক অনুদান প্রদান, চসিক পরিচালিত মসজিদ ও ফোরকানিয়া মাদ্রাসায় মিলাদ ও বিশেষ মোনাজাত, মন্দির গির্জা ও প্যাগোডায় বিশেষ প্রার্থনা, নগরীর গুরুত্বপূর্ণ গোল চত্বর ও ফ্লাইওভার, ফুটওভার ব্রীজে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন, বাণী সম্বলিত ব্যানার প্রদর্শন, গুরুত্বপূর্ণ মোড়ে কালোপতাকা প্রদর্শন সহ ড্রপ

ডাউন ব্যানার স্থাপন। উক্ত কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়েছেন চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম।

## রেড ক্রিসেন্টের সহায়তায় ডেঙ্গু পরীক্ষার কীট ও মশারি বিতরণ করলেন মেয়র

রেড ক্রিসেন্টের সহায়তায় ডেঙ্গু পরীক্ষার কীট ও মশারি বিতরণ করলেন মেয়র রেড ক্রিসেন্টের সহায়তায় চট্টগ্রামের সাতটি হাসপাতালের কাছে পাঁচ হাজার ডেঙ্গু পরীক্ষার কিট ও পাঁচশ মেডিকেটেড মশারি বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার টাইগারস্থ চসিক কনফারেন্স হলে চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের আয়োজনে ও যুব রেড ক্রিসেন্ট চট্টগ্রামের সহযোগিতায় আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান ও চট্টগ্রামের মেয়র রেজাউল বলেন, চলমান ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় রেড ক্রিসেন্ট প্রতিরোধ ও সচেতনতামূলক কার্যক্রম পরিচালনার মাধ্যমে জনগণের পাশে এসে দাঁড়িয়েছে। রেড ক্রিসেন্টের কীটের কারণে অনেক মানুষ বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষার সুযোগ পাবে।

রেড ক্রিসেন্ট সোসাইটির ট্রেজারার এম.এ ছালাম বলেন, ডেঙ্গু নিয়ন্ত্রণে সরকারকে সব ধরনের সহযোগিতা করতে প্রস্তুত রেড ক্রিসেন্ট। আমরা শীঘ্রই নগরীর বেশি ডেঙ্গু সংক্রমণ হওয়া ২০ টি ওয়ার্ডে ভলান্টিয়ারদের সহযোগিতায় বিশেষ সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করব।

চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আক্তার চৌধুরী বলেন, মেয়র মহোদয়ের নির্দেশনায় চসিকের পক্ষ থেকে এখন পর্যন্ত দেড় হাজার মানুষকে বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষা করা হয়েছে। আজকে যে কীটগুলো পেয়েছি সেগুলোও বিনামূল্যে ডেঙ্গু পরীক্ষার জন্য কাজে লাগানো হবে।

চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শামীম আহসান বলেন,

সরকারি-বেসরকারি সবগুলো সংস্থা একযোগে কাজ করে চট্টগ্রামের ডেঙ্গু পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে নিয়ে আসলেও চট্টগ্রামে যে ব্যাপক বৃষ্টি হয়েছে তাতে কিছুদিন পর আবারো ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পাওয়ার আশংকা তৈরি হয়েছে। এজন্য চট্টগ্রামের মেয়র মহোদয় মাত্র একদিনে কোরবানির বর্জ্য পরিষ্কারের জন্য যে ব্যাপক কর্মযজ্ঞ হাতে নিয়েছিলেন সেভাবে ডেঙ্গুর আবাসস্থল ধ্বংসেও একটি বড় ধরনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের সেক্রেটারি আবদুল জব্বারের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে ছিলেন চট্টগ্রাম সিটি ইউনিটের ভাইস চেয়ারম্যান মোঃ আলমগীর পারভেজ, কাউন্সিলর পুলক খাস্তগীর, চসিকের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা আবুল হাশেম, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট এস এম মোর্শেদ হোসেন, ভাইস প্রেসিডেন্ট প্রকৌশলী জাবেদ আবছার চৌধুরী, চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের কার্যকরী পর্ষদ সদস্য এইচ এম সালাউদ্দিন, মহসিন উদ্দিন চৌধুরী ফয়সাল, মোঃ মোশরাফুল হক চৌধুরী পাভেল, মোঃ ইমতিয়াজ।

বিনামূল্যে দেয়া এ কীট ও মশারী গ্রহণ করেন চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম সিটি কর্পোরেশন জেনারেল হাসপাতাল, বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকশাস ডিজিজেস (বিআইটিআইডি), সাউদার্ন মেডিকেল কলেজ হাসপাতাল, মা ও শিশু হাসপাতাল, চট্টগ্রাম হার্ট ফাউন্ডেশনের প্রতিনিধিবৃন্দ।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮